(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

উপজেলা কার্যালয়

মির্জাপুর, টাঙ্গাইল।

doict.mirzapur.tangail.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.৯৩৬৬.০০১.১৬.০০১.২০.৪

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৯
০৭ আগস্ট ২০২২

বিষয়: **শেখ রাসেল ডিজিটাল ল্যাবের ব্যবহার বৃদ্ধির তাগিদে গ্রুপভিত্তিক সাপ্তাহিক সূচী অনুযায়ী 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি' বিষয়ের পাঠদান, ইন্টারনেট সংযোগ এবং ল্যাবের নিরাপত্তা বৃদ্ধি করণসহ অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আইসিটি শিক্ষার সম্প্রসারণ, দক্ষ জনশক্তি গড়ে তোলার তাগিদে শিক্ষা প্রতিষ্ঠান সমূহে সরকার কর্তৃক শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে, বিধায় সকল কম্পিউটার ল্যাবের সর্বোচ্চ ও যথাযথ ব্যবহার, রক্ষণাবেক্ষণ এবং টেকসই করণ অত্যন্ত জরুরী। কিন্তু সরেজমিনে শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শনে ল্যাবের মাধ্যমে আইসিটি বিষয়ের পাঠদান করণে শিক্ষা প্রতিষ্ঠান সমূহের যথাযথ কর্ম তৎপরতার ব্যপক ঘাটতি পরিলক্ষিত হচ্ছে। যার ফলে শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপনের পূর্ণাঙ্গ সুফল হতে ছাত্র-ছাত্রীরা বঞ্চিত হচ্ছে। এমতাবস্থায় শেখ রাসেল ডিজিটাল ল্যাবের ব্যবহার বৃদ্ধির তাগিদে গ্রুপ ভিত্তিক সাপ্তাহিক সূচী অনুযায়ী 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি' বিষয়ের পাঠদান, ল্যাবে পর্যাপ্ত ইন্টারনেট সংযোগ ও ল্যাবের নিরাপত্তা বৃদ্ধি করণসহ নিম্নরূপ প্রয়োজনীয় গাইডলাইন ও নির্দেশনা প্রদান করা হলোঃ

০১। প্রথমেই সকল শ্রেণির শিক্ষার্থীদের আইসিটি বিষয়ক ক্লাস সমূহ শেখ রাসেল ডিজিটাল ল্যাবে গ্রহণ করার জন্য ল্যাবের ধারণ ক্ষমতা (আনুমানিক ৩০/৩২জন) বিবেচনাপূর্বক সকল শ্রেণির অধীনস্থ শাখা অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক গ্রুপে বিভক্ত করতে হবে। এক্ষেত্রে সকল গ্রুপকে সাপ্তাহিক ক্লাসরুটিনের মধ্যে যেন পূরণ করা যায় সেটাও যথাসম্ভব বিবেচনা করতে হবে। নিম্নে সংযুক্ত 'গ্রুপভিত্তিক ল্যাব ব্যবহারকরণ রেজিস্টার' এর নমুনা কাঠামো ব্যবহার করে স্ব স্ব শ্রেণির অধীনস্থ গ্রুপ সমূহের সমন্বয়ে সকল শ্রেণির জন্য আলাদা আলাদা ল্যাব ব্যবহারকরণ রেজিস্টার বাধাই করার জন্য অনুরোধ করা হলো।

০২। স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের সাপ্তাহিক মূল রুটিনে কোন শ্রেণির মধ্যস্থিত কোন শাখার জন্য নির্ধারিত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বা একান্ত প্রয়োজনে অন্য কোন বিষয় যেমন: বাংলা, ধর্ম ক্লাসের সময়সূচি অনুযায়ী সংশ্লিষ্ট গ্রুপ সমূহের জন্য ল্যাব ক্লাস বন্টন করা যেতে পারে। তবে মূল রুটিনে উক্ত শাখার জন্য নির্ধারিত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের ক্লাসসূচির স্থলে সংশ্লিষ্ট গ্রুপ সমূহের ল্যাব ক্লাস বন্টন সম্পন্ন করণসহ সাপ্তাহিক ল্যাব ক্লাস রুটিনে প্রত্যেক গ্রুপের জন্য কমপক্ষে ০১ (এক)টি ক্লাস রাখার বিষয়ে সর্বোচ্চ চেষ্টা করতে হবে।

০৩। ল্যাপটপ সমূহের নিরাপত্তা বৃদ্ধি ও টেকসই করণের তাগিদে রাত্রিকালীন ও প্রতিষ্ঠান বন্ধ থাকাকালীন সময়ে ল্যাপটপ সমূহ প্রয়োজন অনুযায়ী মজবুত স্টিল আলমিরায় সংরক্ষণ করা যেতে পারে।

০৪। শেখ রাসেল ডিজিটাল ল্যাব কক্ষের নিরাপত্তা বাড়ানোর জন্য ল্যাবের দরজা, জানালার নিরাপত্তা বাড়াতে হবে যেমন: জানালার ফাঁক দিয়ে যাতে কোন ভাবেই ল্যাপটপ বের করা না যায় তা নিশ্চিত করার তাগিদে জানালায় অতিরিক্ত লোহার পাত ঝালাই করে ফাঁক সমূহকে কমিয়ে আনতে হবে এবং ল্যাবের দরজার নিরাপত্তা বাড়ানোর তাগিদে অতিরিক্ত কেঁচি গেট/গ্রিল গেট সংযুক্ত করা যেতে পারে।

০৫। এছাড়াও সম্ভব হলে ল্যাব কক্ষে সিসি ক্যামেরা/আইপি ক্যামেরা সংযুক্ত করাসহ শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত নৈশপ্রহরীকে রাত্রীকালীন সময়ে ল্যাব কক্ষের পার্শ্ববর্তী কোন কক্ষে/স্থানে (সংশ্লিষ্ট ভনের একই মেঝেতে) অবস্থান করার জন্য অনুরোধ করা হলো।

০৬। শেখ রাসেল ডিজিটাল ল্যাবে আইসিটি বিষয়ের পাঠদানে ইন্টারনেট সংযোগ অত্যন্ত জরুরী। তাই স্থানীয় পর্যায়ে উপযুক্ত কোন আইএসপি (ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার) কোম্পানী পাওয়া গেলে উক্ত আইএসপি হতে পর্যাপ্ত ব্যান্ডউইথ (প্রায় ১০এমবিপিএস) এর ইন্টারনেট সংযোগ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। যদি স্থানীয় পর্যায়ে উপযুক্ত কোন আইএসপি না পাওয়া যায় তবে ইন্টারনেট মডেম ব্যবহার করে পাঠদান করার জন্য অনুরোধ করা হলো।

০৭। ইতিমধ্যে শেখ রাসেল ডিজিটাল ল্যাবের জন্য পৃথক স্টক রেজিস্টার ও ল্যাব পরিদর্শন রেজিস্টার না তৈরি করা হলে অতিসত্বর তৈরি করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখিত গাইডলাইন ও নির্দেশনা সমূহের প্রেক্ষিতে গৃহীত পদক্ষেপের অগ্রগতি বিষয়ে পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবস এর মধ্যে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি:
০১। গ্রুপ ভিত্তিক ল্যাব ব্যবহারকরণ রেজিস্টার এর নমুনা কপি (পিডিএফ ও ডক ফাইল)।
০২। গ্রুপ ভিত্তিক সাপ্তাহিক ল্যাবের ক্লাস বন্টন ও ল্যাব রুটিন এর নমুনা কপি (পিডিএফ ও ডক ফাইল)।
সংযুক্তি সমূহের গুগল ড্রাইভ লিংক:

https://drive.google.com/drive/folders/1ISNUn17mYG34VAsUtRNR03xEhv3WNYgF

১৪-৮-২০২২
মোঃ মশিউর রহমান
সহকারী প্রোগ্রামার
ইমেইল: moshi.ape@gmail.com

অধ্যক্ষ/প্রধান শিক্ষক (সকল), শেখ রাসেল ডিজিটাল ল্যাবধারী শিক্ষা প্রতিষ্ঠান, মির্জাপুর, টাঙ্গাইল।

স্মারক নম্বর: ৫৬.০৪.৯৩৬৬.০০১.১৬.০০১.২০.৪/১(৬)

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৯ / ০৭ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
২) প্রকল্প পরিচালক, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা।
৩) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
৪) উপজেলা নির্বাহী অফিসার, মির্জাপুর, টাঙ্গাইল।
৫) প্রোগ্রামার, জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, টাঙ্গাইল।
৬) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মির্জাপুর, টাঙ্গাইল।

১৪-৮-২০২২
মোঃ মশিউর রহমান
সহকারী প্রোগ্রামার